



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 1/8/2021

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

গভর্নর কুওমো, আরও আটজন গভর্নর দ্রুত COVID-19 টিকা বিতরণের আহ্বান জানিয়ে
যুক্তরাষ্ট্রের স্বাস্থ্য ও মানব সেবা বিভাগের কাছে চিঠি দিয়েছেন

*প্রতিবেদন অনুযায়ী ফেডারেল সরকার যুক্তরাষ্ট্রের টিকা সরবরাহের অর্ধেকেরও বেশি জমিয়ে
রেখেছে বলে জানা গেছে*

*গভর্নরগণ: "আমাদের রাজ্যগুলো বিতরণ বাড়াতে, হাতে আরও টিকার ডোজ পেতে এবং আরো
আমেরিকান জীবন বাঁচাতে দিন রাত কাজ করতে প্রস্তুত।"*

চিঠিটি দেখতে [এখানে](#) ক্লিক করুন

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো এবং আরও আটজন গভর্নর আজ যুক্তরাষ্ট্রের স্বাস্থ্য ও মানব সেবা
বিভাগের সচিব অ্যালেক্স আজার এবং চিফ অপারেটিং অফিসার জেনারেল গুস্তাভ এফ. পেরনাকে
টিকা বিতরণের গতি দ্রুত করার আহ্বান জানিয়ে চিঠি দিয়েছেন। [একটি মিডিয়া রিপোর্ট](#) অনুসারে,
ফেডারেল সরকার এখনো জাতির অর্ধেকেরও বেশি টিকা সরবরাহ বিতরণ করতে পারেনি। চিঠিতে
স্বাক্ষর করেছেন ক্যালিফোর্নিয়ার গভর্নর গ্যাভিন নিউসম, ইলিনয়ের গভর্নর জে.বি. প্রিটজকার,
কানসাসের গভর্নর লরা কেলি, মিশিগানের গভর্নর গ্রেচেন হুইটমার, মিনেসোটার গভর্নর টিম
ওয়ালজ, অরেগনের গভর্নর কেট ব্রাউন, ওয়াশিংটনের গভর্নর জে ইনসলি এবং উইসকনসিনের
গভর্নর টনি এভারস।

চিঠিটির সম্পূর্ণ বার্তা নিচে দেওয়া হল:

জানুয়ারি 8, 2021

প্রিয় সেক্রেটারি আজার এবং জেনারেল পেরনা,

গভর্নর হিসেবে, আমাদের প্রশাসন যত দ্রুত সম্ভব আমাদের বাসিন্দাদের নিরাপদ এবং কার্যকর
COVID-19 টিকা সরবরাহ করতে সম্পূর্ণ প্রতিশ্রুতিবদ্ধ। এই কাজ আমেরিকার কর্মজীবী পরিবারের
স্বাস্থ্য এবং কল্যাণ রক্ষার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ, যাতে আমরা একটি শক্তিশালী অর্থনীতি এবং
দৈনন্দিন কার্যক্রমে ফিরে যেতে পারি। আমরা অপারেশন ওয়ার্প স্পিডের (Operation Warp
Speed, OWS) সাথে অংশীদারিত্বের প্রশংসা করি এবং আজ পর্যন্ত প্রাপ্ত টিকার জন্য কৃতজ্ঞ,

কিন্তু আমাদের রাজ্য এবং বাসিন্দাদের এখন আরো টিকা প্রয়োজন। ভাইরাসের নতুন ভ্যারিয়েন্ট শুরু হওয়ার প্রাক্কালে এই চাহিদা আরো জরুরি।

জনসম্মুখে প্রকাশিত তথ্য অনুযায়ী, বর্তমানে ফেডারেল সরকারের কাছে প্রশাসন কর্তৃক অপ্রাপ্য কারণে আটকে দেওয়া উৎপাদিত টিকার 50% মজুত আছে। যখন এই জীবন রক্ষাকারী টিকাগুলোর মধ্যে কিছু ফাইজারের ফ্রিজে বসে আছে, আমাদের জাতি প্রতিদিন 2,661 জন আমেরিকান হারাচ্ছে, সাম্প্রতিক সাত দিনের গড় অনুসারে। যে সব রাষ্ট্র এই টিকার অনুরোধ করেছে তাদের কাছে এই ডোজ বিতরণ করতে ব্যর্থতা বিবেকবর্জিত এবং অগ্রহণযোগ্য। আমরা দাবি করছি যে ফেডারেল সরকার অবিলম্বে এই সংরক্ষিত ডোজ রাজ্যে বিতরণ শুরু করবে।

জানা গেছে, টিকা উৎপাদন ও বিতরণের ক্ষেত্রে 'পরিস্থিতি প্রশমন' এর প্রস্তুতি নেওয়া হিসাবে টিকার ডোজ আটকে দেওয়া হয়েছে। ডিসেম্বর মাসে, OWS ফাইজার এবং মডার্না উভয়ের সাথে চুক্তি ঘোষণা করে যাতে প্রতিটি কোম্পানি থেকে অতিরিক্ত 100 মিলিয়ন টিকা ডোজ পাওয়া যায়, যা বছরের দ্বিতীয় ত্রৈমাসিকে মার্কিন সরকারের কাছে প্রত্যাশিত সম্মিলিত বরাদ্দ 400 মিলিয়ন ডোজে নিয়ে আসে। এই বছরের পরের দিকে জনসন অ্যান্ড জনসন এবং অ্যাস্ট্রাজেনেকার কাছ থেকে প্রত্যাশিত জরুরি ব্যবহারের অনুমোদন প্রাপ্ত টিকার সাথে এই চুক্তি একত্রে আপনাদের সর্বোচ্চ আস্থা প্রদান করা উচিত যে উৎপাদন পাইপলাইন শক্তিশালী, নিরাপদ এবং আগামী বছরে আমেরিকার সংখ্যাগরিষ্ঠ জনগণকে রক্ষা করতে সক্ষম।

আমাদের রাজ্যগুলো বিতরণ বাড়াতে, হাতে আরও টিকার ডোজ পেতে এবং আরো আমেরিকান জীবন বাঁচাতে দিন রাত কাজ করতে প্রস্তুত। জেনারেল পেরনা, আপনি আগেও বলেছেন, "শেফে বসে থাকা টিকা কার্যকর নয়।" আমরা আপনার সাথে সম্পূর্ণ একমত। এজন্যই আমরা এখন আপনার সাহায্য চাইছি। যখন আমরা একসাথে কাজ করি, আমরা এই মহামারী শেষ করতে পারি এবং শীঘ্রই স্বাভাবিক জীবনে ফিরে যেতে পারি।

আমাদের সেরা চিকিৎসা গবেষকরা এটা পরিষ্কার করে দিয়েছেন: যদি আমরা ব্যর্থ হই, তাহলে আমাদের পরিবার, আমাদের ক্ষুদ্র ব্যবসা এবং আমাদের অর্থনীতির জন্য আরো ভয়াবহ পরিণতি হবে। এটা আমেরিকা। এখানে এমন কোন চ্যালেঞ্জ নেই যা আমরা পূরণ করতে পারবো না। চলুন একসাথে কাজ করি এবং এটা শেষ করি।

বিনীত,

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো
নিউ ইয়র্ক স্টেট

গভর্নর গ্যাভিন নিউসম
ক্যালিফোর্নিয়া স্টেট

গভর্নর জে.বি. প্রিটজকার
ইলিনয় স্টেট

গভর্নর গ্রেচেন হুইটমার
মিশিগান স্টেট

গভর্নর লরা কেলি
ক্যানসাস স্টেট

গভর্নর টিম ওয়ালজ
মিনেসোটা স্টেট

গভর্নর কেট ব্রাউন
অরেগন স্টেট

গভর্নর জে ইনসলি
ওয়াশিংটন স্টেট

গভর্নর টনি এবারস
উইসকনসিন স্টেট

###

আরো সংবাদ পেতে দেখুন www.governor.ny.gov
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবস্কাইব করুন](#)